গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাষ্টার রেসপন্স কো-অরডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৬-০৭ তারিখঃ ০৫/০১/২০১৬ খ্রিঃ।

**সময়ঃ বিকাল ৩.৩০টা।**

**বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত ০৫.০১.২০১৬ তারিখের দৈনিক প্রতিবেদন।**

**০১। আবহাওয়ার সর্বশেষ অবস্থাঃ (তথ্যসূত্রঃ** বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা)

সমুদ্র বন্দর ও নদী বন্দর সমূহের জন্য কোন সতর্কতা সংকেত নেই।

**পূর্বাভাস ঃ আকাশ অস্থায়ীভাবে আংশিক মেঘলাসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে।**

**কুয়াশা ঃ মধ্যরাত থেকে সকাল পর্যন্ত দেশের নদী অববাহিকার কোথাও কোথাও মাঝারী থেকে ঘন কুয়াশা এবং দেশের** অন্যত্র **হালকা থেকে মাঝারী ধরনের কুয়াশা পড়তে পারে।**

শৈত্যপ্রবাহঃ শ্রীমংগল, **রাজশাহী, নওগাঁ এবং কুষ্টিয়া অঞ্চল সমূহের উপর দিয়ে মৃদু** শৈত্যপ্রবাহ **বয়ে যাচ্ছে এবং তা** বিস্তার **লাভ করতে পারে।**

**তাপমাত্রা ঃ সারাদেশে রাতের তাপমাত্রা** সামান্য **হ্রাস পেতে পারে এবং দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে** পারে।

**গত ২৪ ঘন্টায় বিভাগওয়ারী দেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা নিম্নরূপঃ**

| বিভাগের নাম | ঢাকা | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ২৬.৭ | **২৭.৫** | ২৭.৭ | ২৬.৭ | ২৭.২ | ২৭.০ | ২৭.৩ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ১১.৫ | ১২.২ | **০৯.২** | ০৯.৫ | ১০.৬ | ০৯.০ | ১২.৮ |

* দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল সিলেট ২৭.৭ ডিগ্রী এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল চুয়াডাংগা ০৯.০ ডিগ্রী সে.।

**০২। ভূমিকম্পঃ**

গতকাল ০৪ খ্রিঃ ভোর২০১৬.০১.০৫ টা ০৭ মিনিটের সময় ঢাকাসহ সারাদেশে বড় ধরণের ভূমিকম্প সংঘটিত হয়। ভূমিকম্পটির উৎপত্তিস্থল ছিল ঢাকাস্থ আগারগাঁও ভূমিকম্প পর্যবেক্ষণ কেন্দ্র থেকে ৩৫৩ কিঃমিঃ উত্তরপশ্চিমে অবস্থিত ভারতের মনিপুরে-র ইম্পল নামক স্থানে। ভূমিকম্পের কেন্দ্রে এর মাত্রা ছিল ৬ ৬.রিক্টার স্কেল(বড় মাত্রার)।

ভূমিকম্পের ফলে বাংলাদেশের প্রায় সর্বত্রই ভূকম্পন অনুভূত হয়। জেলা প্রশাসন, ফায়ার সার্ভিস মিডিয়াসহ বিভিন্ন মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সারাদেশে ক্ষয়ক্ষতির বিবরণ নিম্নরূপঃ

**ঢাকাঃ** জেলা ত্রাণও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয় থেকে জানানো হয়েছে যে, ঢাকার জুরাইন এলাকায় ভূকম্পনের সময় তাড়াহুড়ো করে ভবন থেকে নামতে গিয়ে এবং ভয়ে হৃদরোগে **আক্রান্ত হয়ে একজন মারা গেছেন।** ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন হলে এবং ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে তাড়াহুড়ো করে নামতে গিয়ে ৩২ জন আহত হয়। আহতদের মধ্যে ৩১ জন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতোলে প্রাথমিক চিকিৎসা নিয়ে ফিরে গেছে এবং ১ জন হাসপাতালে ভর্তি আছে। সে ভবনের দোতলা থেকে লাফিয়ে পড়ে আহত হয়। এছাড়াও ভূকম্পনের সময় সাভার আশুলিয়ার বাইপাইলে একটি বাড়ীর গ্যাস লাইনের পাইপ ফেটে অগ্নিকান্ড ঘটেছে।

**রাজশাহীঃ**জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা,রাজশাহী জানান, ভূমিকম্পের সময় রাজশাহী বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু হলের হেড বাবুর্চি **মোঃ খলিলুর রহমান ,খবির উদ্দিন -পিতা ,গ্রামমতিহার ভয়ে হৃদরোগে আক্রান্ত হয়ে নিজ বাড়িতে মৃত্যুবরণ -থানা ,মেহেরচন্ডি -করেন।** এছাড়া জেলার কোথাও থেকে আর কোন ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি।

**লালমনিরহাটঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, লালমনিরহাট জানান, আজ ভোবে ভূমিকম্পের সময় ভয়ে একজন ব্যক্তি মারা গেছেন। **মৃত ব্যক্তির নাম নুর ইসলাম (৫৮), পিতাপাটগ্রাম -ইউনিয়ন ,গুনাবাড়ী -গ্রাম ,মৃত নজর আলী -**। এছাড়া জেলার কোন উপোজলা থেকে কোন ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি।

**সিলেটঃ** জেলা প্রশাসক, সিলেট জানান, ভূমিকম্পের সময় শহরের জিন্দাবাজার এলাকায় একটি নির্মাণাধীন ভবন থেকে ইট পড়ে ১২ জন আহত হয়েছে। এছাড়া তাড়াহুড়ো করে বিভিন্ন ভবন থেকে নামতে গিয়ে কিছু লোক আহত হয়। আহতদের মধ্যে ৩১ জন সিলেট মেডিকেল কলেজ হাসাপাতালে চিকিৎসা নিচ্ছে। তবে বড় ধরনের কোন ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি।

**সুনামগঞ্জঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, সুনামগঞ্জ জানিয়েছেন যে, ভূমিকম্পের ফলে সুনামগঞ্জ জেলার কোথাও কোন ক্ষয়ক্ষতির সংবাদ পাওয়া যায়নি।

**ময়মনসিংহঃ** জেলা প্রশাসক, ময়মনসিংহ পত্র মারফত জানিয়েছেন, ভূমিকম্পের ফলে জেলার কোথাও থেকে কোন ক্ষয়ক্ষতির খবর পাওয়া যায়নি।

**চলমান পাতা/০২**

